

মাকড়সার জালে



মাকড়সা জাল বোনে, সে মাঝখানটায় বসে থাকে। একদিন একটা মাছিকে সে বলল— কাছে আয়। পোকামাকড়দের বাচ্চা খাবি আয়। উড়ে উড়ে খাবার খুঁজতে হবে না আর।

মাছি ইতস্তত করে।

মাকড়সা বলে— আচ্ছা, তোকে আসতে হবে না। তুই দূরে দাঁড়া, আমি তোকে দেখি। তুই হলি গোলগোবিন্দ পাখি। উড়ে বেড়াস আনন্দে। মাটিতে বসলে তুই শূঁড় নাড়াস। তখন ভারী সুন্দর লাগে তোকে দেখতে।

মাকড়সার বজ্জাতি মাছি বুঝতে পারে না। নিজের গুণের কথা শুনে সে খুব খুশি হয়ে বলে— যাচ্ছি, দাঁড়াও।

মাছি যেতে গিয়ে আগাপাশতলা জালে জড়িয়ে গেল। মাকড়সা যা চেয়েছিল তাই হল।